



প্রেস রিলিজ

৭/১০/২০১৬খ্রিঃ সকাল ১০টা হতে সকাল ১১টা পর্যন্ত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা নিয়োগ পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয়ের IBA এর ব্যবস্থাপনায় ১৩টি কেন্দ্রে অনুষ্ঠিত হয়। পরীক্ষায় ২৫২৪৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২০৯৩৫ জন পরীক্ষায় অংশগ্রহণ করেন। পরীক্ষা সুন্দর ও সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়।

তবে নিয়োগ পরীক্ষায় ৫ জন ভূয়া পরীক্ষার্থী ধৃত হন। এছাড়াও ১১ জন পরীক্ষার্থী পরীক্ষা চলাকালীন বিভিন্ন ধরনের ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করার সময় ধরা পড়েন। আর ১ (এক) জনকে ডিভাইস ব্যবহারকারীর সহযোগী হিসেবে উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় কেন্দ্রের বাহির হতে তাৎক্ষণিক ধরা হয়। ৫ জন পরীক্ষার্থী বিভিন্ন অপকৌশল অবলম্বন করে মূল পরীক্ষার্থীর পরিবর্তে পরীক্ষায় অংশগ্রহণ করেন। এই ৫ জন ভূয়া পরীক্ষার্থীদের মোবাইল কোর্টের মাধ্যমে নির্বাহী ম্যাজিষ্ট্রেটগণ প্রত্যেককে ১৫ (পনের) দিন করে বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন। ভূয়া পরীক্ষার্থী ৫ জন হলেন: সুজন আলী (২৬), মোঃ নবাব আলী (২৪), এস এম দিদারুল ইসলাম (২৪), আসিফ মোঃ রাব্বানী (২৪) এবং বি এম ফেরদৌস হোসেন (২২)।

ইলেক্ট্রনিক ডিভাইস সহ ধৃত ১২ জনকে র্যাবের নিকট সোপর্দ করা হয়েছে। ইলেক্ট্রনিক ডিভাইস সহ ধৃত ১২ জন হলেনঃ সোহেল রানা (২৫), মোঃ আবুল বাসার (৩০), মোঃ দেলওয়ার হোসেন (২৫), মোঃ আশরাফুল ইসলাম (২৪), তপন কুমার সরকার (৩০), মোঃ সোহেল রানা (২৬), ত্রিদিব কুমার হাজরা (২৭), সাজেদুর রহমান (২৮), মোঃ মজুমদার রহমান (২৮), মোঃ জিয়ারুল ইসলাম জুয়েল (২৩), পাপিয়া খাতুন (৩০), মোঃ রফিকুজ্জামান (৩৪)। বিস্তারিত তালিকা সংযুক্ত করে দেওয়া হলো।


০৭/১০/১৬
মোঃ মোজুমদার (২০৯৩৫)
১৩ পাবনা (১৩১৩৩৩)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-
সামসতলি, ঢাকা।


০৭/১০/১৬
মোঃ মনজুরুল হক
১৩১৩ (১৩১৩৩৩)
মোঃ মনজুরুল হক
ঢাকা (১৩১৩৩৩)
ঢাকা ১০০০

